

অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (২য় সংশোধিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website: www.prdp-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬- ২৬৭

তারিখ: ০৬ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ  
২১ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: ইউসিসিএম খাতে বরাদ্দ প্রাপ্তি সংক্রান্ত চাহিত তথ্য প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি সফলভাবে বাস্তবায়নের পর ২০২২-২৩ অর্থ বছর হতে সংশোধিত (২য় সংশোধিত) আকারে বাস্তবায়ন শুরু হয়েছে। প্রকল্পের ২০২২-২৩ অর্থ বছরের ১ম কিস্তির অর্থ অতি শীঘ্রই মাঠ পর্যায়ে ছাড় করা হবে।

২০২২-২০২৩ অর্থবছরে ইউসিসিএম খাতে অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ইউসিসিএম অনুষ্ঠানের প্রমাণক হিসেবে প্রতিমাসের নিম্নরূপ তথ্যাদি প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

- ১। ইউসিসিএম অনুষ্ঠানের নোটিশ: ইউসিসিএম অনুষ্ঠানের ০১(এক) সপ্তাহ পূর্বে এবং ইউসিসিএম অনুষ্ঠানের জন্য জারীকৃত নোটিশ সংশ্লিষ্ট জেলা দপ্তর ও প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।
- ২। ইউসিসিএম এ ব্যবহৃত ব্যানারসহ তথ্য ও ছবি: ইউসিসিএম সম্পন্ন হওয়ার ০১ (এক) সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট জেলা দপ্তর ও প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।
- ৩। কার্য বিবরণীর ছায়া লিপি (সভাপতির স্বাক্ষর ও তারিখসহ): ইউসিসিএম অনুষ্ঠিত হওয়ার ০১ (এক) সপ্তাহের মধ্যে জেলা দপ্তর ও প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।
- ৪। ইউসিসিএম এ উপস্থিতির তালিকা (তারিখ ও স্বাক্ষরসহ): ইউসিসিএম অনুষ্ঠানের সমাপ্ত হওয়ার অব্যবহিত পরেই জেলা দপ্তর ও প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।

বর্ণিত তথ্য ও প্রমাণাদি প্রেরণে ব্যর্থ উপজেলাধীন ইউনিয়ন সমূহের বিপরীতে ইউসিসিএম খাতে কোন অর্থ প্রেরণ করা হবে না।

উপর্যুক্ত তথ্যাদি প্রেরণে ব্যর্থতা ইউআরডিওগণের ব্যক্তিগত দায় হিসেবে গণ্য হবে এবং বিষয়টি মহাপরিচালক মহোদয়ের গোচরে আনা হবে।

  
২১.০৮.২০২২  
তপন কুমার মন্ডল  
প্রকল্প পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা


উপজেলা-----, জেলা-----।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬- ২৬৭

তারিখ: ০৬ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ  
২১ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। উপপরিচালক, বিআরডিবি, (জেলা দপ্তর সকল), (বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধানের অনুরোধসহ)।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (কার্যার্থে)।
- ৪। ব্যক্তিগত নথি/সংশ্লিষ্ট নথি।

  
সেখ আমিনুর ইসলাম  
উপপরিচালক